

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৮.২১.৪৫

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিষয়: কুষ্টিয়া জেলার মিরপুর পৌরসভার ট্যাক্স এসেসমেন্ট ও বকেয়া ট্যাক্স আদায়ে গৃহিত কার্যক্রমের
অগ্রগতি প্রেরণ

সূত্র: ১। ডিডিএলজি, কুষ্টিয়ার স্মারক নং-৫১২, তারিখঃ ০৩/১২/২০২০ খ্রিঃ

২। মিরপুর পৌরসভা, কুষ্টিয়ার স্মারক নং-মিপৌ/কুষ্/কর/তথ্য-১০/২০১৬-২০১৭/৭৭, তাং-০৭/০৩/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ২নং স্মারকে প্রাপ্ত পত্রে উল্লেখ রয়েছে যে, 'প্রাকৃতিক দুর্যোগ ঘূর্ণিঝড় আক্ষান এর কারণে কৃষকের ফসলাদি চরমভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং মহামারী করোনার কারণে হোল্ডিং ট্যাক্স কার্যক্রম জোরদার করা সম্ভব হয়নি। যার প্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থ বছরের ৩০শে জুন পর্যন্ত =৫০,৮২,৭৭৩/- টাকা ও ২০২০-২১ অর্থ বছরে ৩১ ডিসেম্বর/২০২০ পর্যন্ত ৩০,৮৭,৪৬০/-টাকা (বকেয়া+হাল) সর্বমোট ৮১,৭০,২৩৩/- টাকা আদায় করা সম্ভব হয়েছে। বাকি ৮৭,০১,০৭৭/৫০ টাকা আদায় জোরদার করার লক্ষ্যে এলাকার কর দাতাদের নিকট পৌরকর বিল প্রেরণ ও টিম গঠন সহ অন্যান্য সকল প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ ও আদায় কার্যক্রম চালানো হচ্ছে। উল্লেখ্য যে, ডিডিএলজি, কুষ্টিয়া কর্তৃক ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখের পরিদশন প্রতিবেদনে প্রদত্ত নির্দেশনার বিষয়ে কোনরূপ তথ্য/উপাত্ত উল্লেখ করা হয়নি।

বর্ণিত অবস্থায়, মিরপুর পৌরসভার ২০১৯-২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের ট্যাক্স (বকেয়া+হাল) আদায়ে ডিডিএলজি কর্তৃক ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখে প্রদত্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে মিরপুর পৌরসভা কর্তৃক গৃহিত কার্যক্রমের অগ্রগতি এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৩-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২৯৫৪৬২২৭

উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।

ইমেইল: monitoring2lgd@gmail

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৮.২১.৪৫/১(৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার, খুলনা।
- ২) জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ✓ ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ